# সবুজ পাহাড়ের স্বাস্থ্য বার্তা

*গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিক*

জানুয়ারি-মার্চ ২০২৩ বর্ষ-১ । সংখ্যা-৪


## সুইডেন রাষ্ট্রদূত ও জনসংখ্যা উন্নয়ন তহবিল (UNFPA) কর্তৃক ক্লিনিক পরিদর্শন



০৬ই মার্চ, ২০২৩ খ্রিঃ তারিখে জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রীন হিল কর্তৃক পরিচালিত এবং USAID'র অর্থায়নে বাস্তবায়িত জাতীয় প্রকল্প Advancing Universal Health Coverage (AUHC) Project এবং UNFPA'এর অর্থায়নে সহায়ক প্রকল্প Strengthening Maternity and Child Health Services Delivery (SMCHSD) কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য গ্রীনহিল থানচি উপজেলার বলীপাড়াস্থ সূর্যের হাসি ক্লিনিকে যান। পরিদর্শন দলের সদস্যরা হলেন, Alex Berg von Linde, Ambassador of Sweden to Bangladesh, Maria Stridsman, Head of Development, Embassy of Sweden, Dr. Daniel Novak, First secretary/Program Specialist Health Sector, Embassy of Sweden, Dr. Zahirul Islam, Program Specialist Health Sector, Embassy of Sweden, Yaser Abd El Hamid, First Secretary/ Controller, Embassy of Sweden, Kristine Blokhus, Country Representative, Dr. Vibhavendra Raghuvanshi, Chief of Health, Md. Shamsuzzaman, Program Analyst- SRHR and Farida Begum, Consultant-Midwifry প্রমূখ। প্রথমে অতিথিদের ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন গ্রীন হিলের কর্মকর্তা কর্মচারী এবং স্থানীয় প্রতিনিধিবৃন্দ। বলীপাড়া সূর্যের হাসি ক্লিনিকের কার্যক্রম পরিদর্শন এবং এএনসি, পিএনসি পরিষেবাগুলির ব্যবহার পর্যবেক্ষণ করেন। পরে ২টি গ্রুপে বিভক্ত হয়ে আলোচনা করেন-প্রথম গ্রুপে, স্থানীয় স্টেকহোল্ডদারদের সাথে মাতৃ ও শিশু মৃত্যু নিয়ে আলোচনা করেন এবং দ্বিতীয় গ্রুপে মাদের সাথে মাতৃ স্বাস্থ্য এবং শিশু স্বাস্থ্য বিষয়ে মতবিনিময় করেন। সূর্যের হাসি ক্লিনিকের কার্যক্রম দেখে পরিদর্শনদল অত্যন্ত খুশি হন এবং প্রশংসা করেন। পরিদর্শনের সময় আরও উপস্থিত ছিলেন থানচি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ওয়াহিদ্দু জামান মুরাদ, বান্দরবান সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা ডাঃ ভানু মার্মা গ্রীন হিলের উপ-নির্বাহী পরিচালক মিঃ যতন কুমার দেওয়ান ও প্রকল্প পরিচালক জনাব সাইলু মং মারমা সহ গ্রীন হিলের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীসহ স্থানীয় প্রতিনিধিবৃন্দ।

## প্রকল্পের ভৌগোলিক এলাকা




| জেলা | রাঙ্গামাটি | খাগড়াছড়ি | বান্দরবান |
|---|---|---|---|
| উপজেলা | কাপ্তাই | পানছড়ি | রোয়াংছড়ি |
| | রাজস্থলী | লক্ষীছড়ি | রুমা |
| | বরকল | মাটিরাঙ্গা | থানচি |
| | বিলাইছড়ি | মানিকছড়ি | আলীকদম |
| | নানিয়ারচর | রামগড় | |
| | বাঘাইছড়ি | মহালছড়ি | |
| | জুরাছড়ি | | |
| | লংগদু | | |

## এক নজরে প্রধান স্বাস্থ্য সেবাসমূহের লক্ষ্যমাত্রা ও অর্জন: জানুয়ারী হতে মার্চ'২০২৩

| ইনডিকেটর সমূহ | টার্গেট | অর্জন |
|---|---|---|
| ১। গর্ভকালীন সেবা (ANC) | ২২৮০ | ২৩৬৮ |
| ২। প্রসবোত্তর সেবা (PNC) | ৩৩০ | ৩২৯ |
| ৩। নবজাতকের অত্যাবশকীয় পরিচর্যা (ENC) | ৪৪৪ | ৪৩৭ |
| ৪। পরিবার পরিকল্পনা প্রজনন স্বাস্থ্য(FPRH) | ১৫৬৬০ | ১৮৪৫৮ |
| ৫। নরমাল ডেলিভারী (NVD) | ৩০০ | ২৯৭ |
| ৬। টিকাদান কর্মসূচী(EPI) | ১০৭৭ | ১২৮০ |
| ৭। গড় খরচের রিকোভারী (Cost Recovery) | ৮.৯২% | ৭.৩৪% |
| ৮। মোট সেবা প্রদানের সংখ্যা (Total Service Contact) | ৪৬৮০০ | ৫৭৪৬৫ |
| ৯। মোট পুরুষ রোগী সেবা প্রদানের সংখ্যা (Total male service contact) | ৩৯৯০ | ৬৪১৭ |

# জানুয়ারি - মার্চ'২০২৩ সময়কালে প্রকল্পের উল্লেখযোগ্য কিছু কার্যক্রমের চুম্বক অংশ ঃ

## একুশে ফেব্রুয়ারী ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষে সূর্যের হাসি ক্লিনিক তথা গ্রীন হিলের পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাজ্ঞাপন

২১শে ফেব্রুয়ারী ২০২৩ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শোক দিবস উপলক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক তথা **AUHC** প্রকল্প ও গ্রীন হিলের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। এতে জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ স্বতঃস্পূর্তভাবে অংশগ্রহণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করেন।



## স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উপলক্ষে সূর্যের হাসি ক্লিনিক তথা গ্রীন হিলের পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাজ্ঞাপন

২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উপলক্ষে **AUHC** প্রকল্প তথা গ্রীন হিলের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। এতে রাঙ্গামাটি পার্বত্য জেলার প্রধান কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে শ্রদ্ধা জ্ঞাপন করেন।



## জনসংখ্যা উন্নয়ন তহবিল (UNFPA) এর ক্লিনিক পরিদর্শন

৬ ফেব্রুয়ারী ২০২৩ ইং তারিখ গ্রীন হিল থানচি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন UNFPA Technical Officer জনাব শামসুস জামান, জেলা ফিল্ড অফিসার মিঃ ধন রঞ্জন ত্রিপুরা ও ডাঃ ফকরুনেসা, জেলা SRHR Officer, বান্দরবান এবং গ্রীনহিল হতে উপস্থিত ছিলেন মিঃ যতন কুমার দেওয়ান, উপ নিবার্হী পরিচালক, মিঃ সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, মিঃ মানস মুকুল চাকমা, এমএ্যান্ডই অফিসার, এ্যাসিসটেন্ট এএমআইএস অফিসার, সীমা তঞ্চঙ্গ্যা ও সীমন আমলাই বম, জেলা সমন্বয়কারী, মামুনি প্রকল্প, বান্দরবান। তাঁরা আসন্ন ৭ মার্চ ২০২৩ এর সুইডিশ এমবেসেডর ও UNFPA টীম পরিদর্শন বিষয়ে আলোচনা করেন এবং মূল্যবান পরামর্শ প্রদান করেন।



## রাঙ্গামাটির জেলার (UNICEF) প্রতিনিধি কর্তৃক ক্লিনিক পরিদর্শন

৩১ মার্চ ২০২৩ ইং তারিখ গ্রীন হিল বাঘাইছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন UNICEF রাঙ্গামাটি জেলার প্রতিনিধি ডাঃ উসেই মারমা। তিনি নবজাতক শিশুর বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও চিকিৎসা বিষয়ে ধারণা দেন, বিশেষ করে নবজাতকের মেকুনিয়াম বিষয়ে বেশি আলোচনা করেন। পাশাপাশি তিনি ক্লিনিকের সেবা বিষয়ে খবরা খবর নেন এবং সেবার মানের বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।



## মাটিরাঙ্গা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক গ্রীনহিল মাটিরাঙ্গা সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন

মাটিরাঙ্গা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব খায়রুল আলম ৩ মার্চ ২০২৩ খ্রিঃ তারিখে সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন। এসময় ক্লিনিকে দায়িত্বরত ক্লিনিক ইন-চার্জ প্রীতিময় চাকমাসহ সকল কর্মী উপস্থিত ছিল। তিনি যে কোন কাজে সার্বিক সহযোগিতা করার আশ্বাস প্রদান করে বাড়ীতে ডেলিভারী না করে হাসপাতাল বা ক্লিনিকে তথা প্রাতিষ্ঠানিক ডেলিভারী করানোর বিষয়ে সচেতনতা করতে পরামর্শ দেন। গ্রীন হিল এ ধরণের স্বাস্থ্যসেবা পরিচালনার মাধ্যমে সরকারের কাজে সহযোগিতা করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।



## Clinic Profile and Developing Marketing Strategy Meeting এ অংশগ্রহণ

২৪ শে জানুয়ারী ২০২৩ ইং তিন পার্বত্য জেলার ১৮টি ক্লিনিক ম্যানেজার ক্লিনিক ইনচার্জদের নিয়ে ক্লিনিক প্রোফাইল ও ডেপেলপিং স্টেটেজিক মার্কেটিং মিটিং এর আয়োজন করা হয়। উক্ত মিটিং পরিচালনা করেন ওয়াকারুল হক নাজভি, টেকনিক্যাল এডভাইজার, সার্ভিস ইমপ্রুভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এক্স্রপানশন টিম, ইউএসএইড-এইউএইচসি। তিনি পূর্ব নির্ধারিত ফর্দ অনুসারে সকল ক্লিনিকের তথ্যসমূহ যাচাই করেন এবং দলীয় কাজের মাধ্যমে ক্লিনিক ভিত্তিক SWOT analysis এর মাধ্যমে ক্লিনিকের শক্তি, দুর্বলতা, সুযোগ ও হুমকি চিহ্নত করা হয়।



## SCALE UP MNH-QI Basic Bundle Training এ অংশগ্রহণ

বিগত ২৫ হতে ২৬ জানুয়ারী ২০২৩ ইং তারিখে গ্রীনহিল প্রধান কার্যালয়, রাঙ্গামাটিতে দুই (২) দিন ব্যাপী MNH-QI Basic Bundle Training অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন ইউএসএইড-এইউএইচসি হতে আগত ডাঃ রেজোয়ানা ফেরদৌস, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট স্পেশালিস্ট, সার্ভিস ডেলিভারী এ্যান্ড কোয়ালিটি এ্যসুরেন্স ও সহায়তায় ছিলেন ওয়াকারুল হক নাজভি, টেকনিক্যাল এডভাইজার, সার্ভিস ইমপ্রুভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এক্স্রপানশন টিম, ইউএসএইড-এইউএইচসি এবং গ্রীনহিলের প্রধান কার্যালয় হতে মনিটরিং অফিসার ডাঃ উদয় শংকর দেওয়ান (সাবেক সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও সহকারী পরিচালক, ডিজি হেলথ্, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার) ও এম এ্যান্ড ই অফিসার মানস মুকুল চাকমা এবং খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার এ্যাসিসটেন্ট এএমআইএস অফিসার ও জেলা প্রতিনিধি রুপান্ত চাকমা ও সীমা তঞ্চঙ্গ্যা। প্রশিক্ষণটির উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানটির প্রধান হিসেবে উপস্থিত ছিলেন মিঃ সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, এইউএইচসি প্রকল্প, গ্রীনহিল। প্রশিক্ষণটিতে তিন জেলার এগারটি(১১) গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক (কাপ্তাই, নানিয়ারচর, বরকল, লংগদু, আলীকদম, রুমা, থানচি, মহালছড়ি, পানছড়ি, মানিকছড়ি ও রামগড় হতে ২জন করে মোট ২২জন প্যারামেডিক অংশগ্রহণ করেন।



## এনজিও সমন্বয় সভা

২৭ মার্চ, ২০২৩ইং তারিখ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের আয়োজনে পরিষদ সম্মেলন কক্ষে প্রতিবারের ন্যায় দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন খাগড়াছড়ি জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান মংসুইপ্রু চৌধুরী অপু। সভায় কিছুক্ষন অবস্থান করার পরে, তিনি গুরুত্বপূর্ণ কাজে বেড়িয়ে যান এবং মূখ্য নির্বাহী কর্মকর্তা টিটন খীসাকে সভা পরিচালনার দায়িত্ব দেন। সঞ্চলনা করেন মনতাসির জাহান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) খাগড়াছড়ি পার্বত্য জেলা। উক্ত সমন্বয় সভায় গ্রীন হিল 'সূর্যের হাসি ক্লিনিকের' খাগড়াছড়ি জেলার প্রতিনিধি ও এএমআইএস অফিসার মিঃ রুপান্ত চাকমা অংশগ্রহণ করেন এবং প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। মূখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি, টিটন খীসা, উপস্থিত সকল বেসরকারী উন্নয়ন সংস্থার (এনজিও) কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপনার পরে সকলকে ধন্যবাদ জানান। এসময় তিনি আরও বলেন- ক্ষুদ্রঋণ নিয়ে যারা কাজ করেন সুফলভোগীরা যাতে এক এনজিও থেকে লোন নিয়ে যেন আরও অন্য এনজিও থেকে লোন গ্রহণ না করে সেদিকে লক্ষ্যে রাখার উপর জোর দেন। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন ডেপুটি সিভিল সার্জন ডাঃ মিটন চাকমা এবং জেলার সরকারী বিভিন্ন বিভাগের প্রতিনিধি ও এনজিও কর্মকর্তাবৃন্দ। সভাপতি সকলের সুস্বাস্থ্য কামনা করে এনজিও সমন্বয় সভা সমাপ্তি ঘোষনা করেন।




## জেলা ও উপজেলার বিভিন্ন সরকারী অফিসের মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ

রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান সিভিল সার্জন কার্যালয়ে জানুয়ারী, ফেব্রুয়ারী ও মার্চ ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভায় গ্রীন হিল এইউএইচসি প্রকল্প থেকে প্রতিনিধিরা অংশগ্রহণ করেন । রাঙ্গামাটি জেলায় প্রকল্প পরিচালক মিঃ সাইলুমং মারমা ও ডাঃ উদয় শংকর দেওয়ান, মনিটরিং অফিসার ও সাবেক সিভিল সার্জন, বান্দরবান জেলার সহকারী এআইএস অফিসার সীমা তঞ্চঙ্গ্যা এবং খাগড়াছড়ি জেলার জেলা সমন্বয়কারী মি. রূপান্ত চাকমা প্রকল্পের তথা সংস্থার প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন। সভায় গ্রীন হিলের এইউএইচসি প্রকল্প কার্যক্রমের অগ্রগতি বিষয়ে উপস্থাপন করা হয় এবং সিভিল সার্জন মহোদয় ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারী কর্মকর্তাগণ কার্যক্রমের অগ্রগতি নিয়ে প্রশংসা করেন। এ ধারা অব্যাহত রাখার জন্য সর্বাত্নক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। এছাড়াও গ্রীনহিলের সংশ্লিষ্ট প্রকল্পভূক্ত ১৮ উপজেলায় দায়িত্বপ্রাপ্ত ম্যানেজারগণ স্ব স্ব উপজেলায় সরকারী বিভিন্ন বিভাগের মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে অংশগ্রহণের মাধ্যমে প্রকল্পের তথা সংস্থার চলমান কার্যক্রম সম্পর্কে তুলে ধরেন।



## Workshop on referral mechanism for MNH complication Management

## কর্মশালায় অংশগ্রহণ

২৫শে জানুয়ারী ২০২৩ইং থানচি উপজেলা টাউনহলে Workshop on referral mechanism for Maternal Newborn Health (MNH) complication Management কর্মশালার আয়োজন করা হয়। এতে থানচি গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিকের প্যারামেডিক সিনজিরময় বম অংশগ্রহণ করেন। সক্রিয় উপস্থিতির মাধ্যমে কর্মশালাটিকে অলংকৃত করেছেন থানচি উপজেলার উপজেলা চেয়ারম্যান জনাব থোয়াইহ্লামং মার্মা, থানচি উপজেলা নির্বাহী অফিসার জনাব আবুল মনসুর, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডাঃ ওয়াহিদ্দুজামান মুরাদ । এছাড়াও উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারী ও বেসরকারী বিভিন্ন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালাটি পরিচালনা ও আয়োজন করেছে জাতীয় পর্যায়ে চলমান ‘মামুনি’ প্রকল্প ।

## স্বাস্থ্যসেবা প্রচারণা সপ্তাহ এর মাতৃস্বাস্থ্য উন্নয়নে কর্মশালা

মার্চ ২১, ২০২৩ খ্রিঃ তারিখে উপজেলা হেল্থ কমপ্লেক্সে এর হল রুমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এর ১০৩ তম জন্ম বার্ষিকী উপলক্ষে স্বাস্থ্যসেবা প্রচারণা সপ্তাহ এর মাতৃস্বাস্থ্য উন্নয়নে কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালা সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অনুতোষ চাকমা। এ কর্মশালায় উপস্থিত ছিলেন পানছড়ি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মনিতা ত্রিপুরা, মহিলা বিষয়ক কর্মকর্তা মনিকা বড়ুয়া, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ত্রিরনা চাকমা। উপজেলা হেল্থ কমপ্লেক্সের কর্মকর্তা-কর্মচারী, কিশোর-কিশোরী এবং এনজিও প্রতিনিধিবৃন্দরা কর্মশালায় অংশগ্রহণ করেন। মহিলা বিষয়ক কর্মকর্তা মনিকা বড়ুয়া বলেন-স্থানীয় জন প্রতিনিধিদের মাধ্যমে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয় এবং মা ও কিশোর-কিশোরীদেরকে বিভিন্ন পাড়ায় দলীয় সভা আয়োজনের মাধ্যমে উঠান বৈঠকে স্বাস্থ্যসেবা বিষয়ে ধারণা দেওয়া হয়। ডাঃ অনুতোষ চাকমা বলেন-দূর্গম এলাকায় স্বাস্থ্যসেবা সম্পর্কে সচেতনতা বাড়ানোর প্রতি জোর দিতে হবে। প্রতিটি ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। এরপর সভার শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।



## Vitamin A Campaign

সারা দেশের ন্যায় ২০ শে ফেব্রুয়ারী ২০২৩ইং পার্বত্য চট্টগ্রামেও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য বিভাগ কর্তৃক Vitamin A Campaign এর আয়োজন করা হয়। গ্রীনহিল-এইউএইচসি প্রকল্পের কর্মএলাকাভূক্ত ১৮টি উপজেলায় সরকারী স্বাস্থ্য বিভাগকে সার্বিক সহযোগিতার মাধ্যমে রাঙ্গামাটিতে ৬-১১ মাস বাচ্চাদের সবুজ-১৮৯টি ও ১২-৫৯ মাস বাচ্চাদের লাল-১৩৩টি, খাগড়াছড়িতে ৬-১১ মাস বাচ্চাদের সবুজ-১১৫টি ও ১২-৫৯ মাস বাচ্চাদের লাল-৭৯৫টি এবং বান্দরবান জেলাতে ৬-১১ মাস বাচ্চাদের সবুজ-১৫১টি ও ১২-৫৯ মাস বাচ্চাদের লাল-১১০২টিসহ মোট সবুজ-৪৫৫ ও লাল-৩২৩৩টি Vitamin A capsule খাওয়ানো হয়েছে। বেশির ভাগ ক্ষেত্রে গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিককে Vitamin A capsule খাওয়ানোর সেন্টার হিসেবে ব্যবহার করা হয়েছে এবং কিছু কিছু ক্ষেত্রে গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিকের প্যারামেডিকদের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার দূর্গম এলাকায় Vitamin A Campaign পরিচালনা করা হয়েছে। এতে সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তারা সরকারী কাজে সহযোগিতা করার জন্য গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিকের কাজের প্রশংসা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।



## UNFPA-BOX OFFICE কর্তৃক গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিকের সেবা বিষয়ে ভিডিও শুট

‘১৯-২০ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখে খন্দকার আরএইচ সুমন, কন্টেন প্রযোজক, বক্স অফিস ও তার টিম নিয়ে মহালছড়ি



সূর্যের হাসি ক্লিনিক এ Sexual and Reproductive Health and Rights (SRHR) ডকুমেন্টেশন ভিডিও স্টোরি লগলাইন করার জন্য ক্লিনিকে সকল স্টাফদের সাথে মত বিনিময় করেন। এ সময় উপস্থিত ছিলেন ডাঃ শ্রাবস্তি চাকমা, জেলা SRHR Officer, UNFPA, খাগড়াছড়ি। কিশোর-কিশোরীদের সাথে উঠান বৈঠক, সেবা গ্রহনের জন্য আসা একজন গর্ভবতী মা, মাইচসছড়ি মৌজার হেডম্যান বাবু-স্বদেশ প্রীতি চাকমা, জেলা প্রতিনিধি-রুপান্ত চাকমা, মহালছড়ি সূর্যের হাসি ক্লিনিকের ক্লিনিক ইন-চার্জ-টিক্ল চাকমা, প্যারামেডিক-ডলি চাকমা হতে সাক্ষাৎকার গ্রহণ করা হয়।

## স্কুলের শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকাদান কর্মসূচী কার্যক্রমে সহযোগিতা প্রদান

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সমন্বয়ে ২৭শে ফেব্রুয়ারী ২০২৩ইং তারিখ স্কুল ভিত্তিক কোভিড-১৯ পেডিয়াট্রিক ফরমুলেশন ফাইবার বায়োএনটেক ভ্যাকসিন ৫-১১ বছর বয়সী শিক্ষার্থীদের টিকাদান কর্মসূচী কার্যক্রমের অংশ হিসেবে থানচি উপজেলার বলিপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এক কর্মসূচী পরিচালনা করা হয়। এতে থানচি গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিকের পক্ষে হতে সার্বিকভাবে সহযোগিতা করা হয়। উক্ত টিকাদান কর্মসূচী কার্যক্রমে মোট ২২৫ জনকে সফলভাবে টিকা প্রদান করা হয়েছে, তার মধ্যে ছেলে শিশু ১০১ ও মেয়ে শিশু ১২৪ জন।



## সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (EPI) কার্যক্রমে সহযোগিতা প্রদান

০৯ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিক মানিকছড়ি যৌথভাবে সূর্যের হাসি ক্লিনিকে



‘সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (ইপিআই)’ পরিচালনা করা হয়। উক্ত টিকাদান কর্মসূচীতে উপস্থিত ছিলেন মানিকছড়ি উপজেলা হেল্থ কমপ্লেক্সের, স্বাস্থ্য সহকারী খোরশেদ আলম, এবং Volunteer পারুল মারমা। কর্মসূচীর আওতায় মোট ৩১ জনকে টিকা প্রদান করা হয়। তার মধ্যে টিটি নন-প্রেগনেন্ট ১০ জন, টিটি-প্রেগনেন্ট ৪ জন, মেয়ে শিশু ১৩ জন এবং ছেলে শিশু ৪ জনকে টিকা প্রদান করা হয়েছে। এ কার্যক্রমে সূর্যের হাসি ক্লিনিকের কর্মীরা সার্বিক সহযোগিতা প্রদান করেছেন । টিকাদান কর্মসূচীতে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গ্রীন হিলকে অনেক ধন্যবাদ জানান।

## গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক জুরাছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মোবাইল টীম ও ভাইয়া ক্যাম্পকে সহযোগিতা

২৩ মার্চ ২০২৩ ইং তারিখ রাঙ্গামাটি পার্বত্য জেলার অন্যতম দূর্গম উপজেলা জুরাছড়িতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃক গ্রীনহিলের সূর্যের হাসি ক্লিনিকে এক মোবাইল টীম ও ভাইয়া ক্যাম্প এর আয়োজন করা হয় । এতে সার্বিকভাবে সহযোগিতা করেন জুরাছড়ি উপজেলার গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিকের টীম। উক্ত মোবাইল ক্যাম্পে মোট ৪৩জনকে সেবা প্রদান করা হয়। তার মধ্য পুরুষ ১০ জন এবং মহিলা ৩৩জন। মোবাইল ক্যাম্পের দায়িত্বে ছিলেন ডাঃ জুনায়েদ আহমেদ, সহকারী সার্জন, ফার্মাসিস্ট মিজ. ভিবা চাকমা, মিড ওয়াইফ, মিজ. আরতি চাকমা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জুরাছড়ি। সার্বিকভাবে সহযোগিতা করায় মোবাইল ক্যাম্পের টীম গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিককে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং পরবতীর্তে আরও এ ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হলে সহযোগিতার প্রত্যাশা ব্যক্ত করেন।



## স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান

৪ জানুয়ারী ২০২৩ তারিখে সূর্যের হাসি ক্লিনিক এর উদ্যোগে মহালছড়ি উপজেলা ক্যায়াংঘাট ইউনিয়নে, ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্রে স্যাটেলাইট ক্যাম্প পরিচালনা করা হয়। উক্ত স্যাটেলাইট ক্যাম্প পরিচালনা করেন ডলি চাকমা, প্যারামেডিক এবং সহযোগিতায় ছিলেন নিকশন চাকমা, প্যারামেডিক, মিতু মারমা, ক্লিনিক এইড। মা ও শিশু স্বাস্থ্য সেবা ছাড়াও পরিবার পরিকল্পনা, সাধারণ রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয়। স্যাটেলাইট ক্লিনিকে মোট ২৫ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তার মধ্যে শিশু ৪ জন, মহিলা ১৫ জন ও পুরুষ ৬ জন। নিকশন চাকমা, প্যারামেডিক বলেন- সূর্যের হাসি ক্লিনিক থেকে প্রতি সপ্তাহে বুধবার ও শনিবার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত স্যাটেলাইট ক্যাম্প পরিচালনা করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দীপময় চাকমা - এ ধারা অব্যাহত রাখার জন্য তিনি অনুরোধ জানান এবং তার পক্ষ থেকে সর্বাত্নক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। তাই তিনি গ্রীন হিলকে এ ধরণের উদ্যোগ গ্রহনের জন্য ধন্যবাদ এবং এলাকার জনগন যাতে স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত না হয় সেদিকে লক্ষ্য রেখে কাজ করার পরামর্শ দেন।





## ফিস্টুলা বিষয়ক প্রচারাভিযান

২২শে মার্চ ২০২৩ থানচি আইলমারা পাড়া কমিউনিটি সেন্টার হল রুমে উপজেলা পর্যায়ে প্রসব জনিত কারনে ফিস্টুলা বিষয়ে গণ প্রচারাভিযানের আয়োজন করা হয়, উক্ত কর্মশালায় শুরুতেই পরিচিতি পর্বে জনাব, সিমিয়ন বম (ক্লিনিক ইনচার্জ) স্বাগত



বক্তব্য ও অনুষ্ঠানের সঞ্চলনা করেন। কর্মশালায় প্রধান অতিথি তথা রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন থানচি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ্দুজামান মুরাদ এবং সহায়তায় ছিলেন উপজেলা হেল্ড ইনস্পেক্টর জনাব উমপ্রকাশ। তাঁরা ফিস্টুলা বিষয়ে কিছু কথা তুলে ধরেন যেমন, বাল্য বিবাহ, পুষ্টি, অল্প বয়সে অধিক সন্তান না নেওয়া, নিরাপদ মাতৃত্ব, গর্ভকালীন প্রসবকালীন, প্রসব পরবর্তী সেবা ও কিশোর-কিশোরী পারিবারিক স্বাস্থ্য শিক্ষাসহ প্রাতিষ্ঠানিক স্বাভাবিক প্রসব সেবা সম্পর্কে আলোচনা করেন। এছাড়াও উপস্থিত ছিলেন হোপ ফাউন্ডেশনের ফিস্টুলা পিপল্স চার্জিং প্রকল্পের মিজ মাম্যাউ মার্মাসহ এলাকার মা-বোনেরা উপস্থিত ছিলেন।

## সদ্য যোগদানকৃত আলীকদম উপজেলা নির্বাহী অফিসারের সাথে সৌজন্য সাক্ষাৎ ও আলীকদম সূর্যের হাসি ক্লিনিক পক্ষ হতে ফুলের তোড়া দিয়ে বরণ

২০শে মার্চ ২০২৩ইং তারিখে নবাগত আলীকদম উপজেলা নির্বাহী অফিসারের সাথে গ্রীন হিল আলীকদম সূর্যের হাসি ক্লিনিকের ক্লিনিক ম্যানেজারের সৌজন্যমূলক সাক্ষাৎ ও ফুলের তোড়া দিয়ে বরণ করা হয়। ক্লিনিকের স্বাস্থ্য সেবা ও সেবার মান উন্নয়ন, গ্রীনহিল বেসরকারী উন্নয়ন সংস্থার লক্ষ্য, উদ্দেশ্য এবং বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করা হয়। উপজেলা নির্বাহী অফিসারকে ক্লিনিক পরিদর্শনের আমন্ত্রণ জানানো হয়।



USAID FROM THE AMERICAN PEOPLE

Green Hill Transforming the Marginalized

সূর্যের হাসি ক্লিনিক হাসি মুখে সেবা

যোগাযোগঃ সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, AUHC প্রকল্প, মোবাইল: ০১৮২৮৮১৮৬৭১, প্রধান কার্যালয়, ইন্দ্রানী হাউজ, চম্পকনগর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।